

আইএনএসটিসি (উক্ত দক্ষিণ জাতীয় ট্রান্সপোর্ট করিডর)- ভারত থেকে রাশিয়া পর্যন্ত এক্সপ্রেস করিডর

আইএনএসটিসি-ভারত থেকে রাশিয়া পর্যন্ত এক্সপ্রেস করিডর সম্পর্কিত স্টকহোল্ডারদের একটি সম্মেলন অনুষ্ঠিত হল বৈদেশিক পরিয়েবা ইনসিটিউটে, ১৮ মে, ২০১৭, বেলা ১১ টার সময়। এফএসআইয়ে অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন— কৃটনেতিক কর্মকর্তারা, পন্য পরিবাহক, সংবাদমাধ্যম, বিভিন্ন মন্ত্রকের প্রতিনিধি, বিদেশী প্রশিক্ষণ সংস্থার কর্মকর্তা এবং কর্মীরা। অনলাইনে অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন— ইউরোপে ভারতীয় দৃতাবাসের সদস্যরা, আইসিডব্লুএ এবং বাণিজ্যিক সংস্থার প্রতিনিধিরা।

প্রারম্ভিক ভাষণ দেন যুগ্ম সচিব শ্রী জি ভি শ্রীনিবাস (ইউরোশিয়া) পররাষ্ট্রমন্ত্রক এবং জনাব অ্যালেক্সি পোগোনিন, কাউন্সিলর (রাজনৈতিক) রাশিয়ার দৃতাবাস, নয়াদিল্লি। মূল বক্তা ছিলেন শ্রী শঙ্কর শিংডে, ভারতের পন্য পরিবহন সংস্থার সংগঠন এফএফএফএআই এবং শ্রী বালাচন্দন, শ্রী বেহুরিয়া, এন্স স্টোবসন, আইডিএসএ (প্রতিরক্ষা গবেষণা ও বিশ্লেষণ সংস্থা) থেকে। আইএনএসটিসি'র সম্ভাব্য রুটগুলি নিয়ে, তার জনপ্রিয়তা, উন্নয়ন এবং আইএনএসটিসি কে পরিপূর্ণ করার জন্য চাবাহার বন্দরের সর্বোত্তম ব্যবহার এবং মধ্য এশিয়ার সঙ্গে যোগাযোগ, মাল্টি-মার্ডান পরিবহন ব্যবস্থায় বাধা, সমাধানের পথ, টিআইআর কনভেনশনে ভারতের যোগদানের সিদ্ধান্ত, ই-টিআইআর-এর সুবিধা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়।

এর পরই কলিঙ্গ মোটরস্ স্পোটস ক্লাব (কেএমএসসি) ভুবনেশ্বর, ভারত-রাশিয়া কৃটনেতিক সম্পর্কের ৭০ বছর উদযাপন উপলক্ষ্যে ভারত ও রাশিয়ার মধ্যে একটি মোটর র্যালির প্রস্তাব উত্থাপন করে। শীঘ্রই কলিঙ্গ মোটরস্ তাদের ওয়েবসাইটে এ বিষয়ে বিস্তারিত জানাতে সম্মত হয়েছে।

নয়াদিল্লি

মে ১৮, ২০১৭